



৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১১

পরীক্ষার তারিখ : ০২.১২.২০১১; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০

১. প্রথম ৬টি 7-এর অযুগ্ম গুণিতকের গড় কত?

- (ক) 40 (খ) 41
(গ) 42 (ঘ) 43

২. A:B=3:4 এবং B:C=6:5 হলে, A:C=কত?

- (ক) 3:5 (খ) 9:10
(গ) 10:9 (ঘ) 4:9

ল্যাম্বা $\frac{A}{B} = \frac{3}{4}$ এবং $\frac{B}{C} = \frac{6}{5}$

$\therefore \frac{A}{B} = \frac{18}{24}$ এবং $\frac{B}{C} = \frac{24}{20}$

$\therefore \frac{A}{C} = \frac{18}{20} = \frac{9}{10}$

৩. 10 টাকায় 12টি দরে জিনিস ক্রয় করে 10 টাকায় 8টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

- (ক) 25% লাভ (খ) 25% ক্ষতি
(গ) 50% ক্ষতি (ঘ) 50% লাভ

ল্যাম্বা 12টির ক্রয়মূল্য 10 টাকা

$\therefore 1 \text{ " " " } \frac{10}{12} \text{ "}$

আবার, 8টির বিক্রয়মূল্য 10 টাকা

$\therefore 1 \text{ " " " } \frac{10}{8} \text{ "}$

$\therefore \text{লাভ} = \frac{\frac{10}{8} - \frac{10}{12}}{\frac{10}{12}} \times 100$

$= \frac{30 - 20}{24} \times \frac{12}{10} \times 100 = 50\%$

৪. 425 টাকার 4 বছরের সুদ 85 টাকা হলে সুদের হার শতকরা বার্ষিক কত টাকা হবে?

- (ক) 5% (খ) 9%
(গ) 4% (ঘ) 7%

ল্যাম্বা সুদ = $\frac{\text{আসল} \times \text{সময়} \times \text{হার}}{100}$

$\therefore 85 = \frac{425 \times 4 \times \text{হার}}{100}$

$\therefore \text{হার} = \frac{8500}{1700} = 5\%$

৫. নিচের কোনটি মূলদ সংখ্যা?

- (ক) $\sqrt[3]{8}$ (খ) $\sqrt{2}$
(গ) $\sqrt[3]{7}$ (ঘ) $\frac{\sqrt{5}}{4}$

ল্যাম্বা $\sqrt[3]{8} = \sqrt[3]{2^3} = 2$

অন্য সব অমূলদ।

৬. $\log_x \frac{1}{9} = -2$ হলে, x-এর মান কত?

- (ক) ± 3 (খ) $\pm \frac{1}{3}$
(গ) -3 (ঘ) 3

ল্যাম্বা $\log_x \frac{1}{9} = -2$

বা, $\frac{1}{9} = x^{-2}$

বা, $\frac{1}{9} = \frac{1}{x^2}$

বা, $\frac{1}{3} = \frac{1}{x}$

$\therefore x = 3$

৭. k-এর কোন মানের জন্য $2x + 5y + 8 = 0$ এবং $2x - ky = 3$ সমীকরণ দুটির কোনো সমাধান থাকবে না?

- (ক) -5 (খ) 5
(গ) 0 (ঘ) $\frac{1}{5}$

ল্যাম্বা $k = -5$ (ii) নং সমীকরণে বসালে পাই,

$2x + 5y = 3$

এক্ষেত্রে (i) ও (ii) যোগ অথবা বিয়োগ করলে কোনোভাবেই x ও y এর মান পাওয়া সম্ভব নয়।

৮. যদি $f(x) = x^3 + kx^2 - 4x - 8$ হয়, তাহলে k-এর কোন মানের জন্য $f(-2) = 0$.

- (ক) 2 (খ) -2
(গ) $\frac{1}{2}$ (ঘ) $-\frac{1}{2}$

ল্যাম্বা যেহেতু $f(-2) = 0$

$\therefore f(-2) = (-2)^3 + k(-2)^2 - 4(-2) - 8$

বা, $0 = -8 + 4k + 8 - 8$

বা, $0 = -8 + 4k$

বা, $4k = 8$

বা, $k = \frac{8}{4}$

$\therefore k = 2$

৯. $2x + \frac{2}{x} = 3$ হলে, $x^3 + \frac{1}{x^3} + 2$ -এর মান কত?

- (ক) $\frac{5}{8}$ (খ) $\frac{7}{8}$
(গ) $\frac{9}{8}$ (ঘ) $\frac{11}{8}$

ল্যাম্বা $2x + \frac{2}{x} = 3$

বা, $2\left(x + \frac{1}{x}\right) = 3$

বা, $\left(x + \frac{1}{x}\right) = \frac{3}{2}$



১	গ
২	খ
৩	ঘ
৪	ক
৫	ক
৬	ঘ
৭	ক
৮	ক
৯	খ

$$\therefore x^3 + \frac{1}{x^3} + 2$$

$$= \left(x + \frac{1}{x}\right)^3 - 3 \cdot x \cdot \frac{1}{x} \left(x + \frac{1}{x}\right) + 2$$

$$= \left(\frac{3}{2}\right)^3 - 3\left(\frac{3}{2}\right) + 2$$

$$= \frac{27}{8} - \frac{9}{2} + 2$$

$$= \frac{27 - 36 + 16}{8} = \frac{7}{8}$$

১০. $x + y = 8$ এবং $x - y = 2$ হলে, $2x^2 + 2y^2 =$ কত?

ক) 64

খ) 72

গ) 70

ঘ) 68

ব্যাখ্যা $x + y = 8$ (i)

$x - y = 2$ (ii)

$$(i) + (ii) \Rightarrow 2x = 10 \therefore x = 5$$

$$(i) - (ii) \Rightarrow 2y = 6 \therefore y = 3$$

$$\therefore x^2 + y^2 = 2(5)^2 + 2 \times (3)^2 = 2 \times 25 + 2 \times 9 = 68$$

১১. একটি চতুর্ভুজের চারটি বাহুর মধ্যবিন্দু পরস্পর যুক্ত করলে কিরূপ ক্ষেত্র পাওয়া যাবে?


ক) বর্গক্ষেত্র

খ) আয়তক্ষেত্র

গ) ট্রাপিজিয়াম

ঘ) সামান্তরিক

ব্যাখ্যা



কোনো চতুর্ভুজের ৪টি বাহুর মধ্যবিন্দু যোগ করলে মধ্যবিন্দুগুলোর সংযোগ রেখা সামান্তরিক উৎপন্ন করে।

১২. ABC ত্রিভুজের BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হল। $\angle ACD = 160^\circ$; $\angle ABC = 7 \angle BAC$ হলে, $\angle BAC$ -এর মান কত?


ক) 20°

খ) 40°

গ) 60°

ঘ) 70°

ব্যাখ্যা



$$\angle ACD = 160^\circ$$

$$\therefore \angle ACB = 180^\circ - 160^\circ = 20^\circ$$

$$\Delta ABC \text{ এ, } \angle ABC + \angle BAC + \angle ACB = 180^\circ$$

$$\text{বা, } 7\angle BAC + \angle BAC + 20^\circ = 180^\circ$$

$$\text{বা, } 8\angle BAC = 160^\circ$$

$$\therefore \angle BAC = 20^\circ$$

১৩. একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য 6° হলে, ক্ষুদ্রতম কোণের মান কত?

ক) 38°

খ) 41°

গ) 42°

ঘ) 39°

ব্যাখ্যা ধরি, সমকোণী ত্রিভুজের একটি কোণ x অপর কোণ $= x + 6^\circ$

$$\therefore \text{শর্তানুসারে, } x + x + 6^\circ + 90^\circ = 180^\circ$$

$$\text{বা, } 2x = 180^\circ - 90^\circ$$

$$\text{বা, } x = \frac{84^\circ}{2}$$

$$\therefore = 42^\circ$$

১৪. দুটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্পর্শ করল। বৃহত্তর বৃত্তটির ব্যাসার্ধ 6 সেমি এবং কেন্দ্রদ্বয়ের দূরত্ব 2 সেমি। অপর বৃত্তের ব্যাসার্ধ কত?

ক) 2 সেমি

খ) 4 সেমি

গ) 6 সেমি

ঘ) 8 সেমি

ব্যাখ্যা ধরি, অন্তঃস্থবৃত্তের ব্যাসার্ধ x

$$\text{প্রশ্নানুসারে, } x + 2 = 6$$

$$\text{বা, } x = 6 - 2 = 4$$

১৫. ত্রিভুজের কোণগুলোর অন্তঃসমদ্বিখণ্ডকত্রয়ের ছেদ বিন্দুটির নাম কী?

ক) ভরকেন্দ্র

খ) পরিকেন্দ্র

গ) লম্ববিন্দু

ঘ) অন্তঃকেন্দ্র

ব্যাখ্যা কোনো ত্রিভুজের অন্তঃস্থ কোণগুলোর অন্তর্দ্বিখণ্ডকের ছেদ বিন্দুকে অন্তঃকেন্দ্র বলে।

১৬. 18 মিটার দীর্ঘ একটি মই ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে দেওয়ালের ছাদ স্পর্শ করে। দেওয়ালটির উচ্চতা কত?


ক) 6 মিটার

খ) 9 মিটার

গ) 12 মিটার

ঘ) $6\sqrt{3}$ মিটার

ব্যাখ্যা



ধরি, ABC সমকোণী ত্রিভুজের দেওয়ালের উচ্চতা h

$$\text{আমরা জানি, } \sin \theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$$

$$\therefore \sin 30^\circ = \frac{h}{18}$$

$$\Rightarrow \frac{1}{2} = \frac{h}{18}$$

$$\Rightarrow h = \frac{18}{2}$$

$$\therefore h = 9 \text{ মিটার।}$$

১৭. $\sin^2 21^\circ + \sin^2 69^\circ$ -এর মান কত?

ক) 1

খ) -1

গ) $\frac{1}{2}$

ঘ) $\frac{1}{\sqrt{2}}$

ব্যাখ্যা $\sin^2 21^\circ + \sin^2 69^\circ$

$$= \sin^2 (90^\circ - 69^\circ) + \sin^2 69^\circ$$

$$= \cos^2 69^\circ + \sin^2 69^\circ = 1$$



উত্তর

১০ ঘ

১১ ঘ

১২ ক

১৩ গ

১৪ খ

১৫ ঘ

১৬ খ

১৭ ক

১৮. $\sin\theta = \frac{5}{13}$ হলে, $\tan\theta$ -এর মান কত?

- ক $\frac{3}{4}$ খ $\frac{5}{12}$
 গ $\frac{12}{13}$ ঘ $\frac{5}{13}$

ল্যাম্বা $\cos\theta = \sqrt{1 - \sin^2\theta}$

$$= \sqrt{1 - \left(\frac{5}{13}\right)^2}$$

$$= \sqrt{1 - \frac{25}{169}} = \frac{12}{13}$$

$$\therefore \tan\theta = \frac{\sin\theta}{\cos\theta}$$

$$= \frac{5}{12} = \frac{5}{13} \times \frac{13}{12} = \frac{5}{12}$$

১৯. নিচের কোন সম্পর্কটি সঠিক?

- ক $\sin^2 A + \cos^2 B = 1$ খ $\sin\theta + \cos\theta > 1$
 গ $\tan^2\theta - \sec^2\theta = 1$ ঘ $\sin\theta + \cos\theta < 1$

ল্যাম্বা ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।

সমকোণী ত্রিভুজে, লম্ব + ভূমি $>$ অতিভুজ

$$\Rightarrow \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} + \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}} > 1$$

$$\text{বা, } \sin\theta + \cos\theta > 1$$

২০. $\sec\theta = 2$ হলে, θ -এর মান কত?

- ক 0° খ 30°
 গ 45° ঘ 60°

ল্যাম্বা $\sec\theta = 2$

$$\text{বা, } \sec\theta = \sec 60^\circ$$

$$\therefore \theta = 60^\circ$$

২১. একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা ৯ সেমি হলে, এর ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার?

- ক $9\sqrt{3}$ খ $\frac{9\sqrt{3}}{4}$
 গ $\frac{3\sqrt{3}}{4}$ ঘ $\frac{2\sqrt{3}}{4}$

ল্যাম্বা সমবাহু ত্রিভুজের পরিসীমা = ৯

$$\therefore \text{ধরি, বাহুর দৈর্ঘ্য} = a$$

$$\text{যেহেতু পরিসীমা} = 9$$

$$\therefore 3a = 9$$

$$\therefore a = 3$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} \cdot (3)^2 = \frac{9\sqrt{3}}{4}$$

২২. একটি ট্রাপিজিয়াম আকৃতির লোহার পাতের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৩ সেমি ও ১ সেমি এবং এদের লম্ব দূরত্ব ২ সেমি। পাতটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

- ক ১ খ ২
 গ ৩ ঘ ৪

ল্যাম্বা পাতটি ট্রাপিজিয়াম আকৃতির।

ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \times (\text{সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল}) \times \text{লম্ব দূরত্ব}$$

$$= \frac{1}{2} \times (3 + 1) \times 2 = \frac{4}{2} \times 2$$

$$= 4 \text{ বর্গসেমি}$$

২৩. একটি বৃত্তাকার মাঠের ব্যাস ২৬ মিটার। মাঠটির বাইরে চারদিকে ২ মিটার চওড়া রাস্তা রয়েছে। রাস্তাসহ মাঠটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

- ক 225π খ 169π
 গ 121π ঘ 144π

ল্যাম্বা বৃত্তাকার মাঠের ব্যাসার্ধ $= \frac{26}{2} = 13$ মিটার

$$\text{রাস্তাসহ মাঠের ব্যাসার্ধ} = 13 + 2 = 15 \text{ মি.}$$

$$\therefore \text{মাঠের ক্ষেত্রফল} = \pi r^2$$

$$= \pi (15)^2$$

$$= 225\pi$$

২৪. একটি চাকার ব্যাস ৪.২ মিটার। চাকাটি ৩৩০ মিটার পথ অতিক্রম করতে কতবার ঘুরবে?

- ক ৩২ খ ৩০
 গ ২৫ ঘ ২২

ল্যাম্বা চাকার ব্যাসার্ধ $= \frac{4.2}{2} = 2.1$

$$\therefore \text{চাকার পরিধি} = 2\pi r$$

$$= 2 \times \frac{22}{7} \times 2.1$$

$$= 13.2 \text{ মি.}$$

চাকাটি ১৩.২ মি. যেতে ১ বার ঘোরে

$$\therefore \text{ " 1 " " } \frac{1}{13.2} \text{ " "}$$

$$\therefore \text{ " 330 " " } \frac{330}{13.2} = 25 \text{ বার ঘোরে}$$

২৫. একটি বেলনের বক্রতলের ক্ষেত্রফল ১০০ বর্গ সেমি এবং আয়তন ১৫০ ঘন সেমি। বেলনের ভূমির ব্যাসার্ধ কত?

- ক ৫ সেমি খ ৪ সেমি
 গ ৩ সেমি ঘ ৬ সেমি

ল্যাম্বা বেলনের বক্রতলের ক্ষেত্রফল $= 2\pi rh$ বর্গ সেমি

$$\text{ " " " " " " আয়তন} = \pi r^2 h = 150 \text{ ঘন সেমি}$$

$$\therefore \frac{\pi r^2 h}{2\pi rh} = \frac{150}{100}$$

$$\text{বা, } r = \frac{300}{100}$$

$$\therefore r = 3 \text{ সেমি}$$

২৬. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে?

- ক) প্রধানমন্ত্রী খ) স্পীকার
গ) রাষ্ট্রপতি ঘ) প্রধান বিচারপতি

২৭. মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?

- ক) ২নং খ) ৮নং
গ) ১০নং ঘ) ১১নং

২৮. ঢাকায় বাংলাদেশের রাজধানী স্থাপনের সময় মুখল সুবেদার কে ছিলেন?

- ক) শায়েস্তা খান খ) ইসলাম খান
গ) ইব্রাহিম খান ঘ) আলীবর্দি খান

২৯. বাংলাদেশের মোট আয়তনের কতভাগ বনভূমি আছে?

- ক) ২৯ ভাগ খ) ১৯ ভাগ
গ) ১৭ ভাগ ঘ) ২৩ ভাগ

৩০. সার্কভুক্ত কোন দেশটির দূতাবাস বাংলাদেশে নেই?

- ক) শ্রীলংকা খ) নেপাল
গ) ভূটান ঘ) মালদ্বীপ

[Note : সার্কভুক্ত ৭টি (বাংলাদেশ ব্যতীত) দেশেরই দূতাবাস বাংলাদেশে আছে। প্রচলিত তথ্য মতে মালদ্বীপের দূতাবাস বাংলাদেশে নেই। প্রকৃতপক্ষে আগস্ট ২০০৮ থেকে বাংলাদেশে মালদ্বীপের দূতাবাস চালু হয়।]

৩১. ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বপ্রথম বাংলায় এসেছিল কারা?

- ক) ইংরেজরা খ) ফরাসিরা
গ) ওলন্দাজরা ঘ) পর্তুগীজরা

৩২. থাইল্যান্ডের নব-নির্বাচিত প্রধানমন্ত্রীর নাম কি?

- ক) থাকসিন সিনাওয়াত্রা খ) ভূমিবল
গ) ইংলাক সিনাওয়াত্রা ঘ) লুরা সিনচিলা

৩৩. মানুষের গড় আয়ু সবচেয়ে বেশি কোন দেশে?

- ক) কানাডা খ) জাপান
গ) নরওয়ে ঘ) সুইডেন

৩৪. জাপানের পার্লামেন্টের নাম কি?

- ক) নেসেট খ) ডায়েট
গ) কোকেটিং ঘ) মিরামি

৩৫. যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যটি ফ্রান্সের নিকট থেকে কেনা?

- ক) লুসিয়ানা খ) আলাস্কা
গ) ফ্লোরিডা ঘ) ওহাইও

৩৬. নিউজিল্যান্ডের অধিবাসীদের কি বলা হয়?

- ক) মাউরি খ) ডাচ
গ) তাতারু ঘ) অর্জি

৩৭. বিশ্বব্যাংকের অঙ্গ সংস্থা নয় কোনটি?

- ক) IBRD খ) IDA
গ) IMF ঘ) IFC

৩৮. দুধে থাকে কোন এসিড?

- ক) ফোলিক এসিড খ) টারটারিক এসিড
গ) ল্যাকটিক এসিড ঘ) সাইট্রিক এসিড

৩৯. ১ মেগাবাইট = কত কিলোবাইট?

- ক) ১০০০ খ) ৫১২
গ) ১০২৬ ঘ) ১০২৪

৪০. বর্তমানে বাংলাদেশে মাতৃকালীন ছুটি কত মাস?

- ক) ৩ মাস খ) ৪ মাস
গ) ৫ মাস ঘ) ৬ মাস

৪১. 'কবর' নাটকটির রচয়িতা কে?

- ক) জহির রায়হান খ) মুনীর চৌধুরী
গ) কাজী নজরুল ইসলাম ঘ) জসীমউদ্দীন

৪২. এপিকালচার বলতে কি বোঝায়?

- ক) রেশমের চাষ খ) মৌমাছির চাষ
গ) মৎস্য চাষ ঘ) পাখি পালন

৪৩. অন্ধদের জন্য লিখনরীতি উদ্ভাবন করেন কে?

- ক) হেলেন কিলার খ) ব্রেইল
গ) এডিসন ঘ) ডেভিট বোর

৪৪. বিশ্বে কার্বন ডাই-অক্সাইড নিঃসরণে শীর্ষ দেশ কোনটি?

- ক) চীন খ) জাপান
গ) ব্রিটেন ঘ) যুক্তরাষ্ট্র

৪৫. ২০১০ বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?

- ক) ইতালি খ) স্পেন
গ) ব্রাজিল ঘ) উরুগুয়ে

৪৬. ২০১০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?

- ক) লিওজিয়াওবো খ) মারিও ভার্গাস
গ) পিটার ডায়মন্ড ঘ) আকিরা সুজিকি

৪৭. বাংলাদেশের সাথে একমাত্র বন্দী বিনিময় চুক্তি আছে কোন দেশের?

- ক) ভারত খ) পাকিস্তান
গ) মায়ানমার ঘ) থাইল্যান্ড

৪৮. কোন দেশের মুদ্রায় ব্রিটেনের রানীর ছবি আছে?

- ক) কানাডা খ) ফ্রান্স
গ) বেলজিয়াম ঘ) নরওয়ে

৪৯. ২০১০ সালের জাতীয় শিক্ষানীতিতে মাধ্যমিক স্তর কোন শ্রেণী পর্যন্ত?

- ক) ৬ষ্ঠ-৮ম শ্রেণী খ) ৮ম-১০ম শ্রেণী
গ) ৯ম-১০ম শ্রেণী ঘ) ৯ম-দ্বাদশ শ্রেণী

৫০. ৫ম আদমশুমারির প্রাথমিক রিপোর্ট অনুযায়ী জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে কম কোন বিভাগে?

- ক) ঢাকা খ) কুমিল্লা
গ) বরিশাল ঘ) সিলেট

৫১. নিচের কোনটি অর্ধতৎসম শব্দ?

- ক) গিন্নী খ) হস্ত
গ) গঞ্জ ঘ) তসবি

৫২. বাড়ি বা রাস্তার নামের পরে কোন যতিচিহ্ন বসে?

- ক) দাঁড়ি খ) কোলন
গ) কমা ঘ) ড্যাস

৫৩. নিচের কোনটি পারিভাষিক শব্দ?

- ক) ডাব খ) সচিব
গ) কুচ্ছিত ঘ) বালতি

৫৪. 'যার কোনো মূল্য নেই'-এর সমার্থক বাগধারা কোনটি?

- ক) ডাকা বুকো খ) তুলসী বনের বাঘ
গ) কাঠের পুতুল ঘ) ঢাকের বায়া

৫৫. সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র?

- ক) বিজ্ঞপ্তি খ) অভিযোগপত্র
গ) চুক্তিপত্র ঘ) প্রতিবেদন



উত্তর

২৬ গ

২৭ খ

২৮ খ

২৯ গ

৩০ -

৩১ ঘ

৩২ গ

৩৩ খ

৩৪ খ

৩৫ ক

৩৬ ক

৩৭ গ

৩৮ গ

৩৯ ঘ

৪০ ঘ

৪১ খ

৪২ খ

৪৩ খ

৪৪ ক

৪৫ খ

৪৬ ক

৪৭ ক

৪৮ ক

৪৯ ঘ

৫০ গ

৫১ ক

৫২ গ

৫৩ খ

৫৪ ঘ

৫৫ ক

৫৬. নিচের কোনটি চলিত রীতির শব্দ?

- ক) তুলা খ) শুকনো
গ) পড়িল ঘ) সহিত

৫৭. 'বিষ নেই তার কুলোপনা চক্র' -বাগধারাটির সঠিক অর্থ কোনটি?

- ক) যার কোনো প্রকার ক্ষমতা নেই
খ) অন্তঃসার শূন্য অবস্থা
গ) ক্ষমতালীনের দম্ব প্রকাশ
ঘ) অক্ষম ব্যক্তির বৃথা আশ্বালন

৫৮. কোনটির অভাবে চিঠি লেখার উদ্দেশ্য ব্যর্থ হয়?

- ক) প্রেরকের ঠিকানা খ) প্রাপকের ঠিকানা
গ) পত্রগর্ভ ঘ) স্বাক্ষর ও তারিখ

৫৯. 'দেশের সকল আলেমগণই সভায় উপস্থিত ছিলেন।' বাক্যটি কোন দোষে দুষ্ট?

- ক) বাহুল্য দোষ খ) উপমার ভুল প্রয়োগ
গ) গুরুচণ্ডালি দোষ ঘ) অপ্রচলিত শব্দের ব্যবহার

৬০. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী?

- ক) অপদার্থ খ) মূর্খ
গ) নিরেট বোকা ঘ) নিষ্ক্রিয় দর্শক

৬১. 'পাউরুটি' কোন ভাষার শব্দ?

- ক) পাঞ্জাবি খ) পর্তুগীজ
গ) গুজরাটি ঘ) ফরাসি

৬২. 'গরমিল'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

- ক) মিল ও অমিল খ) অমিলের সদৃশ
গ) মিলের অভাব ঘ) গর ও মিল

৬৩. সম্বোধন পদে কোন যতিচিহ্ন বসে?

- ক) কমা খ) ড্যাস
গ) সেমিকোলন ঘ) হাইফেন

৬৪. প্রাপক বয়সে বড় হলে প্রেরক স্বাক্ষরের আগে কোন শব্দটি ব্যবহার করবে?

- ক) প্রীতিমুগ্ধ খ) আশীর্বাদক
গ) শুভাকাঙ্ক্ষী ঘ) স্নেহভাজন

৬৫. নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক?

- ক) সুখের পায়রা খ) শরতের শিশির
গ) দুধের মাছি ঘ) লক্ষ্মীর বরযাত্রী

[Note : অপশনে উল্লিখিত চারটি বাগধারার অর্থই সুসময়ের বন্ধু।]

৬৬. বাংলা ভাষায় যতি বা ছেদচিহ্ন মোট কয়টি?

- ক) ৯টি খ) ১০টি
গ) ১১টি ঘ) ১২টি

[Note : টেক্সট বুক বোর্ড প্রকাশিত মুনীর চৌধুরী রচিত ৯ম-১০ম শ্রেণীর ব্যাকরণ বইয়ের তথ্য মতে ১২টি। তবে বিভিন্ন ব্যাকরণ বইয়ে ১১টি পাওয়া যায়।]

৬৭. নিচের কোন বানানটি শুদ্ধ?

- ক) মধুসূদন দত্ত খ) মধুসূদন দত্ত
গ) মধুসূদন দত্ত ঘ) মধুসুধন দত্ত

৬৮. নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্ত পদ?

- ক) সাতসমুদ্র খ) প্রতিদিন
গ) নীলকণ্ঠ ঘ) মুখেভাত

৬৯. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটি পদকে কী বলে?

- ক) ব্যাসবাক্য খ) সমস্যমান পদ
গ) সমস্তপদ ঘ) উত্তরপদ

৭০. শিরোনামের প্রধান অংশ কোনটি?

- ক) ডাক টিকেট খ) পোস্টাল কোড
গ) প্রেরকের ঠিকানা ঘ) প্রাপকের ঠিকানা

৭১. 'ইদুর কপালে'-এর বিপরীতার্থক বাগধারা কোনটি?

- ক) অদৃষ্টের পরিহাস খ) চাঁদের হাট
গ) একাদশে বৃহস্পতি ঘ) কেউকেটা

৭২. নিচের কোনটি অর্ধতৎসম শব্দ?

- ক) কুচ্ছিত খ) ভবন
গ) পাত্র ঘ) গৃহিণী

৭৩. 'শুণহীনের বৃথা আশ্বালন'-এর অর্থ নিচের কোন প্রবাদের সাহায্যে বোঝানো যায়?

- ক) আসলে মুঘল নেই, ঢেঁকি ঘরে চাঁদোয়া
ক) অসারের তর্জন গর্জন সার
গ) কানা ছেলের নাম পদ্মলোচন
ঘ) ঘুঘু দেখেছো, ফাঁদ দেখনি

৭৪. পর্তুগীজ ভাষার শব্দ নয় কোনটি?

- ক) আনারস খ) আলমারি
গ) গুদাম ঘ) চাহিদা

৭৫. নিচের কোন শব্দটি রোগ অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) মাথা ব্যথা খ) মাথা ঘামান
গ) মাথা ধরা ঘ) মাথা দেয়া

Choose the best answer (Translate into English) (৭৬-৮১):

৭৬. বর্ষা শুরু হয়েছে।

- ক) The rain has set in খ) The rains have set in
গ) The rains have set on ঘ) The rain has set out

৭৭. সে দিন এনে দিন খায়।

- ক) He lives from hand to mouth
খ) He lives by hand to mouth
গ) He lives day by day
ঘ) He eats day by day

৭৮. সে বলল যে সে যাবে।

- ক) He said that he will go
খ) He said that he would went
গ) He said that he will went
ঘ) He said that he would go

৭৯. আমি বরং মরব কিন্তু ভিক্ষা করব না।

- ক) I would rather die than beg
খ) I would rather to die than to beg
গ) I would die than beg
ঘ) I would die rather beg

৮০. সে হাসতে হাসতে চলে গেল।

- ক) He went away laugh
খ) He went away to laugh
গ) He went away laughing and laughing
ঘ) He went away laughing



৫৬	খ
৫৭	ঘ
৫৮	খ
৫৯	ক
৬০	ঘ
৬১	খ
৬২	গ
৬৩	ক
৬৪	ঘ
৬৫	-
৬৬	-
৬৭	গ
৬৮	ক
৬৯	খ
৭০	ঘ
৭১	গ
৭২	ক
৭৩	খ
৭৪	ঘ
৭৫	গ
৭৬	খ
৭৭	ক
৭৮	ঘ
৭৯	ক
৮০	ঘ

৮১. আমি এটা না করে পারলাম না।

- (ক) I could not help do it
(খ) I could not help doing it
(গ) I could not help to do it
(ঘ) I could not but did it

Choose the best answer (Translate into Bangla) (৮২-৮৭) :

৮২. I do not take tea.

- (ক) আমি চা খাই। (খ) আমি চা পান করি না।
(গ) আমি চা খাব না। (ঘ) আমি চা আনি না।

৮৩. Look before you leap.

- (ক) লাফ দেবার আগে তাকাও।
(খ) ভাবিয়া করিও কাজ।
(গ) আগে ভাবিয়া পরে লাফ দিবে।
(ঘ) দেখে নাও পরে লাফ দাও।

৮৪. It is raining cats and dogs.

- (ক) মুম্বলধারে বৃষ্টি হচ্ছে।
(খ) কুকুর বিড়ালের মত বৃষ্টি হচ্ছে।
(গ) ইহা বৃষ্টি হচ্ছে কুকুর ও বিড়ালগুলো।
(ঘ) কুকুর ও বিড়াল বৃষ্টিতে ভিজছে।

৮৫. He has killed himself.

- (ক) সে তোমাকে হত্যা করেছে।
(খ) সে তাকে হত্যা করেছে।
(গ) সে মারা গিয়েছে।
(ঘ) সে আত্মহত্যা করেছে।

৮৬. Diamond cuts diamond.

- (ক) সঙ্গ দোষে নষ্ট।
(খ) সঙ্গ দেখে লোক চেনা যায়।
(গ) সৎ সঙ্গ স্বর্গ বাস।
(ঘ) মানিকে মানিক চেনে।

৮৭. I am badly hard up.

- (ক) আমি অসহ্য হয়ে উঠেছি।
(খ) আমি এক কথার মানুষ।
(গ) আমি কঠিন অসুখে ভুগছি।
(ঘ) আমার টাকার খুব অনটন হয়েছে।

Transform the following sentences as directed in brackets (৮৮-৯৪) :

৮৮. He is only five. (Negative)

- (ক) He is not less than five
(খ) He is not only five
(গ) He is above not five
(ঘ) He is not aged five

৮৯. If he does not do, he will die. (Compound)

- (ক) Do and die
(খ) Do or die
(গ) He cannot do and die
(ঘ) Let him do or he will die

৯০. Everybody knows this. (Interrogative)

- (ক) Does anybody knows this?
(খ) Who does not know this?
(গ) Who do not know this?
(ঘ) Do anybody know this?

৯১. I wish I were an ideal teacher. (Exclamatory)

- (ক) If I were an ideal teacher!
(খ) How an ideal teacher I was!
(গ) What an ideal teacher I was!
(ঘ) If an ideal teacher I am!

৯২. I must go there. (Negative)

- (ক) I cannot but going there
(খ) I cannot help go there
(গ) I cannot but go there
(ঘ) I must not go there

৯৩. Move and die. (Simple)

- (ক) If you move, you will die.
(খ) By moving you will die
(গ) Without moving you will die
(ঘ) If you do not move, you will do

৯৪. Though he tried hard, he failed. (Compound)

- (ক) He tried and failed
(খ) In spite of his trying hard, he failed
(গ) He tried hard but failed
(ঘ) But for his trying hard, he failed.

৯৫. What is the 'noun' form of 'beautiful'?

- (ক) beauty (খ) beautify
(গ) beautifully (ঘ) beauteous

৯৬. He is a justice of the High Court. Here 'justice' is a/an — noun.

- (ক) abstract (খ) material
(গ) proper (ঘ) common

৯৭. He raised his hand. Here 'raised' is a— verb.

- (ক) copulative (খ) cognate
(গ) factitive (ঘ) causative

[Note : Verb-এর শেষে object (কর্ম) থাকলে তাকে transitive verb (সকর্মক ক্রিয়া) বলে। Raise-এর পর hand (object) থাকায় raise এখানে transitive verb]

৯৮. An adverb does not modify—.

- (ক) nouns (খ) adjectives
(গ) verbs (ঘ) adverbs

৯৯. Which pen do you want? Here 'which' is a/an—.

- (ক) adjective (খ) pronoun
(গ) conjunction (ঘ) interjection

১০০. A paragraph must have — theme/themes.

- (ক) one (খ) two
(গ) three (ঘ) four



উত্তর

৮১ খ

৮২ খ

৮৩ খ

৮৪ ক

৮৫ ঘ

৮৬ ঘ

৮৭ ঘ

৮৮ ক

৮৯ ঘ

৯০ খ

৯১ ক

৯২ গ

৯৩ খ

৯৪ গ

৯৫ ক

৯৬ ঘ

৯৭ Note

৯৮ ক

৯৯ ক

১০০ ক